আলমডাঙ্গার জেহালায় ঘর থেকে ৭০ হাজার টাকা চুরি

আলমডাঙ্গার জেহালায় একটি বাড়িতে চুরির ঘটনা ঘটেছে। সোমবার রাত ৩ টার দিকে চোর ঘরে ঢুকে ৭০ হাজার টাকা চুরি করে নিয়ে যায়। এ ব্যাপারে থানায় অভিযোগ দেওয়া হয়েছে।

জানা গেছে, জেহালার অঘর্নাথ স্কুল এলাকার ইউনুস আলীর ছেলে রফিকুল ইসলাম রাজিব ঘরে ঘুমিয়ে ছিলেন। রাত ৩ টার দিকে তিনি দেখতে পান ঘরের ভেতর চোর ঢুকেছে। তিনি চোর না ধরে দ্রুত ঘর থেকে বেরিয়ে দরজায় শিকল দিয়ে দেন। এ সময় তিনি বাইরে থেকে প্রতিবেশীদের ডাকতে থাকেন। প্রতিবেশীরা এসে ঘর খুলে দেখেন চোর ঘরের জানালা ভেঙ্গে পালিয়ে গেছে। সেই চোর পালিয়ে যাওয়ার সময় ঘরে রাখা ৭০ হাজার টাকাও নিয়ে গেছে।

রাজিব জানান, জেহালার মদনবাবুর মোড়ে তার একটি মুদিখানার দোকান আছে। রাত ১০ টার দিকে সেই দোকান বন্ধ করে বাড়িতে যান। খাওয়া- দাওয়া শেষে তিনি ঘুমিয়ে পড়েন। রাত ৩ টার দিকে চোর ঘরে ঢোকায় তিনি জেগে ওঠেন।

চুয়াডাঙ্গায় করোনার উপসর্গ নিয়ে শ্রমিক নেতার মৃত্যু

করোনাভাইরাসের উপসর্গ নিয়ে চুয়াডাঙ্গা জেলা মোটরশ্রমিক ইউনিয়নের সাবেক সহ-সভাপতি কাওছার আলী শাহ (৬৫) নামে এক বৃদ্ধের মৃত্যু হয়েছে।

মঙ্গলবার বিকালে নিজ বাড়িতে তার মৃত্যু হয়। কাওছার আলী শাহ দামুড়হুদা উপজেলার দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামের মৃত বদর উদ্দিন শাহ’র ছেলে।

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডা. আবু হেনা মোহাম্মদ

জামাল শুভ জানান, কাওছার আলি শাহ কয়েকদিন ধরে সর্দি কাশি, জ্বর ও ডায়রিয়ায় ভুগছিলেন। তিনি সোমবার দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এসে নমুনাও দিয়েছিলেন।

নমুনা সংগ্রহ করার পর পরীক্ষার জন্য মঙ্গলবার কুষ্টিয়া পিসিআর ল্যাবে পাঠানো হয়েছে। রিপোর্ট আসার আগেই তিনি মারা গেলেন।

উল্লেখ্য, চুয়াডাঙ্গা জেলাতে সোমবার পর্যন্ত করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ২১৫ জন নারী-পুরুষ। এরমধ্যে সুস্থ হয়েছেন ১৩১ জন ও মারা গেছেন ২ জন।

মেহেরপুরে নতুন করে ১২ জন করোনা আক্রন্ত

মেহেরপুরে নতুন করে আরও ১২ জন কোরনা রোগী সনাক্ত হয়েছে। ২৭ জুন শনিবার কুষ্টিয়া পিসিআর ল্যাব থেকে ৫৫ টি প্রাপ্ত রিপোর্ট এর মধ্যে ১২ টি পজিটিভ এসেছে। এর মধ্যে সদর উপজেলায় ৬ জন (একজন ফলেআপ) এবং গাংনীতে ৬ জন।

মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসিরউদ্দিন বিষয়টি নিশ্চিত করে বলেন, মেহেরপুরে নতুন করে ১২ জন কোভিড-১৯ পজিটিভ হয়েছে।

শনিবার নমুনা সংগ্রহ করা হয়েছে ৩২ জনের এর মধ্যে সদর উপজেলার ৪ জন, মেহেরপুর সদর হাসপাতালের ১৬ জন, গাংনীর ৭ জন এবং মুজিবনগরের ৫ জন।

এ নিয়ে শনিবার পর্যন্ত মেহেরপুর জেলায় সর্ব মোট ১৯০৮ টি নমুনা সংগ্রহ করা হয়েছে। সর্বমোট ফলাফল এসেছে ১৭৫২ টি তার মদ্য থেকে ৭২ জন কোরনা রোগী সনাক্ত হয়েছে। এর মধ্যে মেহেরপুর সদরে ৩৬ জন, গাংনী ৩০ জন, মুজিবনগর ৬ জন।

উল্লেখ্য, জেলায় করোনাতে মৃত্যু হয়েছে ৫ জনের, সুস্থ হয়েছেন ২৩ জন, জেলা থেকে ট্রান্সফার্ড করা হয়েছে ৫ জন কে, বর্তমানে চিকিৎসাধীন আছেন ৩৯ জন।

কুষ্টিয়ায় নমুনা না দিয়েই করোনা পজিটিভ

কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নমুনা না দিয়েই করোনা পজেটিভ শনাক্ত হন শহরের এক বাসিন্দা। বুধবার রাতে জেলা প্রশাসন ও পুলিশ সদস্যরা ওই ব্যক্তির বাড়ি লকডাউন করতে যান।

এসময় ওই বাসিন্দা হত-চকিত হয়ে বলেন, আমি তো করোনা পরীক্ষার কোন নমুনাই দেইনি কিংবা স্বাস্থ্য বিভাগের কেউ আমার বাড়িতে এসে নমুনাও সংগ্রহ করেনি।

তিনি আরো বলেন, আমাকে তাহলে করোনা পজিটিভ শনাক্ত করা হলো কেন? এনিয়ে শহরময় হাস্যরস ও চাঞ্চল্য সৃষ্টি হয়েছে।

খোঁজ নিয়ে জানা যায়, শহরের পূর্ব মজমপুর এলাকার বাসিন্দা গোলাম রসুল (৬২) কুষ্টিয়া ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের প্যাথলজি বিভাগে অবসরপ্রাপ্ত এমএলএসএস।

তিনি জানান, গত মঙ্গলবার সকাল সাড়ে ৮ টার দিকে তিনি কুষ্টিয়া জেনারেল হাসপাতালের প্যাথলজি বিভাগে ডায়াবেটিস পরীক্ষা করানোর জন্য রক্তের নমুনা দেন। এছাড়া তিনি হাসপাতালের ফ্লু কর্নারে করোনা পরীক্ষার জন্য চিকিৎসকের পরামর্শ নেন। এরপর তার নাম, ঠিকানা ও মুঠোফোন নম্বর লিখে চিকিৎসক তাকে পরামর্শ ও ব্যবস্থাপত্র নেন।

তবে হাসপাতালে করোনার নমুনা দেওয়ার কথা থাকলেও পরে তিনি আর নমুনা দেননি। কিন্তু গোলাম রসুল নমুনা না দিলেও বুধবার রাত সাড়ে ৮টার দিকে জেলা প্রশাসন ও পুলিশ সদস্যরা তার বাড়ি লকডাউন করতে এনেস জানায় যে, বুধবার কুষ্টিয়া মেডিকেল কলেজের পিসিআর ল্যাবরটোরিতে নমুনা পরীক্ষার প্রাপ্ত তালিকায় গোলাম রসুলের নাম রয়েছে। গোলাম রসুল জানান, করোনার কোন উপসর্গ তার ছিল না। যেহেতু চলাফেরায় তিনি অনেক মানুষের সংস্পর্শে গেছেন তাই তিনি ফ্লু কর্নারে পরামর্শ নিয়েছিলেন।

কুষ্টিয়া জেনারেল হাসপাতালের উপ-পরিচালক নুরুন্নাহার বেগম জানান, বিষয়টি সম্পর্কে অবগত হয়েছি। খতিয়ে দেখে এ ঘটনার প্রকৃত কারণ উদঘাটনের চেষ্টা করা হচ্ছে বলে তিনি জানান।

মেহেরপুরে বিনামূল্যে ৮১ হাজার মাস্ক বিতরণের উদ্বোধন

মেহেরপুরে করোনা ভাইরাস প্রতিরোধে বাংলাদেশ আওয়ামীলীগের ৭১ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে প্রথম পর্যায়ে ৮১ হাজার মাস্ক সাধারণ মানুষের মাঝে বিতরণ করা হবে। ভার্চ্যুয়াল কনফারেন্সের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে মাস্ক বিতরণের উদ্বোধন করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন।

মঙ্গলবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে সাংবাদিকদের ব্রিফিংকালে এ ঘোষনা দেন। সেই সাথে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর পক্ষে জেলা প্রশাসক আতাউল গনি সাংবাদিকদের হাতে মাস্ক তুলে দিয়ে বিরতনের শুভ সূচনা করেন। এ সময় ভার্চ্যুয়াল কনফারেন্সে একযোগে সংযুক্ত ছিলেন, জেলা শিল্পকলা একাডেমী থেকে জেলা আওয়ামীলীগের নেতৃবৃন্দ এবং মেহেরপুর ও মুজিবনগর ৯টি ইউনিয়নের জন প্রতিনিধিরা।

জেলা প্রশাসক আতাউল গনির সভাপতিত্বে কনফারেন্সে বক্তব্য দেন, জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন, জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, ভারপ্রাপ্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম, জেলা আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক ইব্রাহীম শাহীন, কুতুবপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ইদ্রিস আলী, আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্নু, মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি খোকন।

বাংলাদেশ আওয়ামীলীগের ৭১ তম প্রতিষ্ঠা বার্ষিকীর শুভেচ্ছা জানিয়ে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেন, আমরা কঠিন সময়ের মধ্য দিয়ে পার হচ্ছি। অদৃশ্য শত্রু করেনা মোকাবেলায় আমাদের নিজেদের

সচেতন হওয়ার বিকল্প নেই। তাই আমরা উদ্যোগ নিয়েছি মেহেরপুরে প্রথম পর্যায়ে ৮১ হাজার মাস্ক বিতরণ করা হবে। উপজেলা নির্বাহী কর্মকর্তার তত্তাবধানে তৃনমুল পর্যায়ের মানুষের মাঝে এই মাস্ক তুলে দেওয়া হবে।

জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দুর এক প্রশ্নের জবাবে তিনি বলেন, করোনা ভাইরাস পরীক্ষা আরোও বাড়ানোর জন্য আমরা পিসিআর মেশিন জার্মানি থেকে আমদানি করার চেষ্টা করছি। সল্পতার কারনে সময় লাগছে, আশা করি খুব তাড়াতাড়ি আমরা আরও মেশিন নিয়ে আসতে পারবো। সর্বপরি আমাদের একটি বিষয় মাথায় রাখতে হবে, করোনা মোকাবেলায় আমাদের নিজেদের স্বাস্থসুরক্ষা নিজেরাই নিশ্চিত করবো। অর্থনৈতিক প্রতিবন্ধকতা যাতে তৈরি না হয় সেজন্য আমাদের এই আতঙ্কের মধ্যেই সকল কাজকর্ম চালিয়ে যেতে হবে।

এসময় উপস্থিত ছিলেন, জেলা প্রেস ক্লাবের সভাপতি মোজাম্মেল আযম, মেহেরপুর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক আল আমিন, সিনিয়র সাংবাদিক রুহুল কুদ্দুস টিটু, রফিকুল আলম, মেহেরপুর প্রতিদিন এর চীফ রিপোর্টার মর্তুজা ফারুক রুপক সহ মেহেরপুরের সাংবাদিকবৃন্দ।

মেপ্র/এমএফআর

করোনাভাইরাসের মতো সরকার জনগণের শ্বাস চেপে ধরেছে: রিজভী

করোনাভাইরাস যেমন মানুষের নি:শ্বাস বন্ধ করে দেয় ঠিক তেমনিভাবে সরকারও জনগণের শ্বাস চেপে ধরেছে বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী।

সোমবার নয়াপল্টনে বিএনপি’র কেন্দ্রীয় কার্যালয় ভিডিও কনফারেন্সে তিনি এসব কথা বলেন।

রুহুল কবির রিজভী বলেন, সরকার চলছে হুকুমবাদের মনোভাব ও

সরকার দেশের ভঙ্গুর অর্থনীতি, করোনার আঘাতে দেশের বেহাল দশা ও প্রায়-দুর্ভিক্ষাবস্থা ঠেকাতে ‘কোড অব সাইলেন্স’ প্রয়োগ করছে। অসহায় মানুষকে নীরবে সইতে হচ্ছে ক্ষুধা ও জুলুমের যন্ত্রণা। অসম্ভব হয়ে পড়েছে মানুষের জীবন-যাপন। সুত্র-বাংলাদেশ প্রতিদিন

মেহেরপুরে আ’লীগ নেতার মৃত্যুতে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর শোক

মেহেরপুরে করোনা ভাইরাসে সংক্রামিত হয়ে জেলা আওয়ামীলীগের সাবেক অর্থ সম্পাদক আব্দুল মহি লাল্টুর(৬৫) মৃত্যুতে গভির শোক প্রকাশ করেছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন এমপি।

শনিবার সকালে মেহেরপুর প্রতিদিন পত্রিকার মাধ্যমে শোকাতর পরিবারের প্রতি গভির সমবেদনা জানিয়েছেন। সেই সাথে মৃতের আত্মার মাগফেরাত কামনা করেছেন। একই সাথে মেহেরপুরের সকল জনগনকে স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানিয়েছেন।

উল্লেখ্য, শনিবার ভোরে মেহেরপুর জেনারেল হাসপাতালের আইসোলেশন ইউনিটে চিকিৎসাধীন অবস্থায় আব্দুল মহি লাল্টুর মৃত্যু হয়। আব্দুল মহি মেহেরপুর শহরের নতুন পাড়ার মৃত মোহর আলী মুক্তারের ছেলে।

মেপ্র/এমএফআর

[redacted]

[redacted]

[redacted]

[redacted]/[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

এতে গাংনী রাজনীতি ও সরকারের উন্নয়নে চরম প্রভাব পড়েছে। চাল জদ্বের ঘটনায় সোস্যাল মিডিয়াতে ঝড় ওঠে। মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য কর্তৃক ডিও লেটারের মাধ্যমে ১৩ টি প্রকল্প পিআইসিদের মাঝে বরাদ্দ দেয়ায় তাকে নিয়ে অশ্লিল কথাবার্তা সহ মানহানিকর অনেক তথ্য দিয়ে মানুষকে বিভ্রান্তি ও বিভক্তি করার চেষ্টা করা হয়।

এবিষয়ে এমপি সাহিদুজ্জামান খোকন বলেন, সত্য চিরদিনই সত্য। সৎ ব্যক্তি কখনোই জুলুমে পড়েনা। সাময়িক ভাবে কিছুটা হয়রানী হলেও পরে তা ঠিক হয়ে যায়। তবে যারা বিভিন্ন ভাবে আমার বিরুদ্ধে অপপ্রচার চালিয়েছেন তারা তাদের ভুলের মাশুল দেবেন।

শততম দিনে মৃত্যুর রেকর্ড

বাংলাদেশে করোনা আক্রমনের আজ শততম দিন। এই দিনে রেকর্ড ছাড়িয়েছে মৃত্যুর। গত ২৪ ঘণ্টায় আরও ৫৩ জনের প্রাণ কেড়ে নিয়েছে মহামারি করোনাভাইরাস (কোভিড-১৯)। ফলে ভাইরাসটিতে মোট ১২৬২ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে করোনায় আক্রান্ত হিসেবে শনাক্ত হয়েছেন ৩ হাজার ৮৬২ জন। এতে মোট আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৯৪ হাজার ৪৮১ জনে।

আজ মঙ্গলবার (১৬ জুন ২০২০) দুপুরে স্বাস্থ্য অধিদপ্তর এর করোনাভাইরাস সংক্রান্ত নিয়মিত হেলথ বুলেটিনে এ তথ্য জানানো হয়। কোভিড-১৯ সংক্রান্ত নিয়মিত অনলাইন স্বাস্থ্য বুলেটিনে অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) (বর্তমানে ভারপ্রাপ্ত মহাপরিচালকের দায়িত্বে) ডা. নাসিমা সুলতানা এ তথ্য জানিয়েছেন।

তিনি মোট ৬১টি ল্যাবে নমুনা পরীক্ষার তথ্য তুলে ধরে জানান, করোনাভাইরাস শনাক্তে গত ২৪ ঘণ্টায় আরও ১৮ হাজার ৪০৩টি নমুনা সংগ্রহ করা হয়। পরীক্ষা করা হয় ১৭ হাজার ২১৪টি নমুনা। এ নিয়ে দেশে মোট নমুনা পরীক্ষা করা হলো পাঁচ লাখ ৩৩ হাজার ৭১৭টি। নতুন নমুনা পরীক্ষায় করোনা সংক্রমণ শনাক্ত হয়েছে আরও তিন হাজার ৮৬২ জনের দেহে। ফলে শনাক্ত রোগীর সংখ্যা দাঁড়াল ৯৪ হাজার ৪৮১ জনে। আক্রান্তদের মধ্যে মারা গেছেন আরও ৫৩ জন। এ নিয়ে মোট মৃত্যু হলো এক হাজার ২৬২ জনের। গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন আরও দুই হাজার ২৩৭ জন। সব মিলিয়ে মোট সুস্থ রোগীর সংখ্যা এখন ৩৬ হাজার

২৬৪ জন।

করোনাভাইরাস সংক্রমণের ঝুঁকি এড়াতে সবাইকে ঘরে থাকার এবং স্বাস্থ্য অধিদপ্তর ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার পরামর্শ-নির্দেশনা মেনে চলার অনুরোধ জানানো হয় বুলেটিনে।

সোমবারের সর্বশেষ তথ্য অনুযায়ী, দেশে গত ২৪ ঘণ্টায় আরও ৩৮ জনের প্রাণ কেড়ে নিয়েছে মহামারি করোনাভাইরাস (কোভিড-১৯)। ফলে ভাইরাসটিতে মোট ১২০৯ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে করোনায় আক্রান্ত হিসেবে শনাক্ত হয়েছেন ৩ হাজার ৯৯ জন। এতে মোট আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৯০ হাজার ৬১৯ জনে।করোনাভাইরাস শনাক্তে গত ২৪ ঘণ্টায় আরও ১৫ হাজার ৭৩৩টি নমুনা সংগ্রহ করা হয়। পরীক্ষা করা হয় ১৫ হাজার ৩৮টি নমুনা। এ নিয়ে দেশে মোট নমুনা পরীক্ষা করা হলো পাঁচ লাখ ১৬ হাজার ৫০৩টি। নতুন নমুনা পরীক্ষায় করোনা সংক্রমণ শনাক্ত হয়েছে আরও তিন হাজার ৯৯ জনের মধ্যে। ফলে ভাইরাসটিতে আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৯০ হাজার ৬১৯ জনে। আক্রান্তদের মধ্যে মারা গেছেন আরও ৩৮ জন। এ নিয়ে মোট মৃত্যু হলো এক হাজার ২০৯ জনের।

করোনাভাইরাস প্রথম শনাক্ত হয় গত ডিসেম্বরে চীনের উহান শহরে। তবে ছড়িয়ে পড়া এ ভাইরাস ক্রমে গোটা বিশ্বকে বিপর্যস্ত করে দিয়েছে। চীন পরিস্থিতি অনেকটাই সামাল দিয়ে উঠলেও এখন মারাত্মকভাবে ভুগছে ইউরোপ-আমেরিকা-এশিয়াসহ বিশ্বের অন্যান্য অঞ্চল। পৃথিবীর ২১৬ দেশ ও অঞ্চলে ছড়িয়ে পড়েছে এ মরণ ভাইরাস।

গত ৮ মার্চ বাংলাদেশে প্রথম করোনাভাইরাসে আক্রান্ত রোগী শনাক্ত হয়। এরপর প্রথম দিকে কয়েকজন করে নতুন আক্রান্ত রোগীর খবর মিললেও এখন লাফিয়ে লাফিয়ে বাড়ছে এ সংখ্যা। বাড়ছে মৃত্যুও। এদিকে ক্রমেই আক্রান্ত সংখ্যা বৃদ্ধি পেলেও মানুষের জীবিকার তাগিদে ৮ম দফায় ছুটি না বাড়িয়ে ৩১ মে থেকে খুলে দেওয়া হয়েছে অফিস-দোকানপাট ও সীমিত পরিসরে গণপরিবহন। তবে রেড জোন চিহ্নিত করে এলাকাভিত্তিক লকডাউন করার সিদ্ধান্ত নিয়েছে সরকার।

মেপ্র/এমএফআর